গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই (২য় পর্যায়)**

মূল্যায়নকারী শিক্ষকের জন্য

বিষয়: **বাংলা**, শ্রেণি: **প্রথম**

শিক্ষার্থীর নাম: বিদ্যালয়ের নাম:

রোল নম্বর: শাখা:

উপজেলা: জেলা:

**১। শিক্ষক প্রশ্ন করবেন, শিক্ষার্থী উত্তর দিবে (শুনি ও বলি)।**

১.১ আমরা কেন হাত মুখ ধুই?

১.২ আমরা কখন পড়তে বসি?

১.৩ আমরা কখন খেলা করি?

১.৪ আমরা কখন ঘুমাতে যাই?

**২। নিচের বর্ণগুলো সঠিক উচ্চারণে পড়।**

| | | | |
|---|---|---|---|
| ষ | উ | ঋ | ঔ |
| ঙ | ঞ | ণ | ভ |
| এ | ঈ | শ | আ |
| য় | ড় | ঃ | ং |

**৩। নিচের টেবিলে প্রদত্ত বর্ণ সহযোগে কারচিহ্নগুলো সঠিক উচ্চারণে পড়।**

| | | | | |
|---|---|---|---|---|
| কা | খি | সূ | চী | ফু |
| তৃ | ভো | বৈ | নৌ | ঘী |

**৪। নিচের শব্দগুলো পড়। শব্দে ব্যবহৃত যুক্তবর্ণসমূহ ডানপাশে ভেঙে দেওয়া আছে, সঠিক ঘরে (√) টিক চিহ্ন দাও।**

| শব্দ | যুক্তবর্ণ | কোনটি সঠিক বক্সে টিক (√) দাও | |
|---|---|---|---|
| জঞ্জাল | ঞ্জা | (ঙ+গ) ☐ | (গ +ঙ) ☐ |
| আনন্দ | ন্দ | (ন+দ) ☐ | (ণ+দ) ☐ |
| বৃষ্টি | ষ্ট | (স+ট) ☐ | (ষ+ট) ☐ |
| স্কুল | স্ক | (ষ+ক) ☐ | (স+ক) ☐ |

**৫। নিচের শব্দগুলো দিয়ে বাক্য লিখ।**

| | |
|---|---|
| মেঘ | |
| শৈবাল | |
| আকাশ | |
| ইট | |

চলমান/-

**৬। নিচের অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে। শিক্ষক পর্যবেক্ষণ করবেন।**

আমাদের দেশের নাম বাংলাদেশ। এখানে অনেক নদী, পাহাড়, সবুজ মাঠ ও ফুল আছে। পাখিরা গান গায়, আকাশে সাদা মেঘ ভেসে বেড়ায়। রাতে চাঁদ ওঠে, দোয়েল ডাকে। দোয়েল আমাদের জাতীয় পাখি। নদী-নালা, মাঠ-ঘাট, পাহাড়-ফুলে আমাদের দেশ খুবই সুন্দর।

**ক) উপরে বর্ণিত অনুচ্ছেদের আলোকে নিচের তথ্য পুরণ করুন।**

৬.১ শিক্ষার্থী সাবলীলভাবে অনুচ্ছেদটি পড়তে পেরেছে কী?...............................................................

৬.২ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো বক্সে লিপিবদ্ধ করুন।

**খ) উপরের অনুচ্ছেদের আলোকে শিক্ষার্থী নিচের প্রশ্নগুলোর মৌখিক জবাব দিবে এবং খাতায় লিখবে।**

১. আমাদের দেশের নাম কী?....................................................................................................

২. আমাদের জাতীয় পাখির নাম কী?.......................................................................................

৩. আকাশে কী ভেসে বেড়ায়?.................................................................................................

৪. চাঁদ কখন ওঠে?...............................................................................................................

মূল্যায়নকারী শিক্ষকের স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

মূল্যায়নকারী শিক্ষকের জন্য

## শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই (২য় পর্যায়)

বিষয়: **বাংলা**, শ্রেণি: **দ্বিতীয়**

শিক্ষার্থীর নাম: বিদ্যালয়ের নাম:

রোল নম্বর: শাখা:

উপজেলা: জেলা:

**১। শিক্ষক প্রশ্ন করবেন, শিক্ষার্থী উত্তর দিবে (শুনি ও বলি)।**

১.১ স্কুলে তোমার কেমন লাগে?

১.২ তোমার স্কুলের নাম কী?

১.৩ তুমি কী কী করতে পছন্দ কর?

১.৪ তুমি বাড়ীতে বাবা-মাকে কী কী কাজে সাহায্য কর?

**২। নিচের শব্দগুলো পড়। শব্দে ব্যবহৃত যুক্তবর্ণসমূহ ডানপাশে ভেঙে দেওয়া আছে, সঠিক ঘরে টিক (√) চিহ্ন দাও।**

| **শব্দ** | **যুক্তবর্ণ** | **কোনটি সঠিক বক্সে টিক (√) দাও** | |
|---|---|---|---|
| বসন্ত | ন্ত | (ত+ণ) ☐ | (ন +ত) ☐ |
| স্কুল | স্ক | (স+ক) ☐ | (ক +স) ☐ |
| বন্ধু | ন্ধ | (ণ+ধ) ☐ | (ন+ধ) ☐ |
| দুষ্টুমি | ষ্ট | (স+ট) ☐ | (ষ +ট) ☐ |

**৩। বাম পাশের শব্দের সাথে দাগ টেনে ডান পাশে উল্লিখিত শব্দের অর্থ মিল কর।**

| **শব্দ (বামপাশ)** | **শব্দের অর্থ (ডানপাশ)** |
|---|---|
| আহরণ | ফুলের রেণু |
| পরাগ | খাবার |
| ডানা | সংগ্রহ করা |
| খাদ্য | পাখা |

**৪। নিচের কার চিহ্নগুলো দিয়ে সঠিক শব্দ তৈরি করে লিখ।**

| | | | |
|---|---|---|---|
| া | | ূ | |
| ি | | ৃ | |
| ী | | ে | |
| ু | | ৈ | |

**৫। নিচের শব্দগুলো দিয়ে বাক্য লিখ।**

| | |
|---|---|
| নদী | |
| বৈশাখ | |
| সাদা | |
| ঝাঁক | |

৬। **নিচের বাক্য পড়ে ডানপাশের সঠিক শব্দটিতে টিক (√) দাও।**

ক) ভদ্র হয়ে................. চলি/ বই/ যদি

খ) সত্য কথা................বলি/ গাও/ যায়

গ) আয় বুঝে ব্যয়.............চলি /করি / যায়

ঘ) উড়ে উড়ে দূরে............দাও/ যায়/ লাগে

৭। **নিচের অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে। শিক্ষক পর্যবেক্ষণ করবেন।**

নববর্ষের সকাল। শীতের এক সুন্দর বিকেল। রাকিব ও হিমেল মাঠে ঘুড়ি ওড়াচ্ছে। ঘুড়িটি দেখতে দারুণ। আকাশে নানা রঙের ঘুড়ি উড়ছে। রাকিব দৌড়ে দৌড়ে সুতা টানছে। ঘুড়ি ধীরে ধীরে উপরে উঠছে। হিমেল বলল, আকাশে ঘুড়ি ওড়ানো খুব মজা। এতে হাতের কাজ ও মনোযোগ বাড়ে। তবে সাবধানে থাকতে হয়। সন্ধ্যায় ঘুড়ি গুটিয়ে খুশিমনে তারা ঘরে ফিরে গেল।

ক) **উপরে বর্ণিত অনুচ্ছেদের আলোকে নিচের তথ্য পূরণ করুন।**

৭.১ শিক্ষার্থী সাবলীলভাবে অনুচ্ছেদটি পড়তে পেরেছে কী?.........................................................

৭.২ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো আন্ডারলাইন করে বক্সে লিপিবদ্ধ করুন।

| |
|---|
| |

খ) **উপরের অনুচ্ছেদের আলোকে শিক্ষার্থী নিচের প্রশ্নগুলোর মৌখিক জবাব দিবে এবং লিখবে।**

৭.১ রাকিব ও হিমেল কোথায় ঘুড়ি ওড়াচ্ছিল?..........................................................................

৭.২ ঘুড়ির সুতা কে টানছিল?...............................................................................................

৭.৩ 'আকাশে ঘুড়ি ওড়ানো খুব মজা' এ কথাটি কে বললো?....................................................

৭.৪ ঘুড়ি ওড়ালে কী বাড়ে?.................................................................................................

মূল্যায়নকারী শিক্ষকের স্বাক্ষর

সমাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই (২য় পর্যায়)**

| মূল্যায়নকারী শিক্ষকের জন্য |
|---|

বিষয়: **বাংলা**, শ্রেণি: **তৃতীয়**

শিক্ষার্থীর নাম:

বিদ্যালয়ের নাম:

রোল নম্বর:

শাখা:

উপজেলা:

জেলা:

**১। নিচের শব্দগুলো পড়। শব্দে ব্যবহৃত যুক্তবর্ণসমূহ ডানপাশে ভেঙে দেওয়া আছে, সঠিক টিতে টিক (√)চিহ্ন দাও।**

| শব্দ | যুক্তবর্ণ | কোনটি সঠিক বক্সে টিক (√) দাও | |
|---|---|---|---|
| ক্লাস | ক্ল | (ল+ক) ☐ | (ক +ল) ☐ |
| অঞ্জনা | ঞ্জ | (জ+ঞ) ☐ | (ঞ +জ) ☐ |
| চঞ্চল | ঞ্চ | (চ+ঞ) ☐ | (ঞ+চ) ☐ |
| ক্ষুধা | ক্ষ | (ক+স) ☐ | (ক+ষ) ☐ |

**২। বাম পাশের শব্দের সাথে দাগ টেনে ডান পাশের সঠিক সমার্থক শব্দ মিল কর।**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| আলসে | বৃষ্টি |
| বাদল | নকশা |
| আলপনা | আকাশ |
| গগণ | অলস |

**৩। নিচের বাক্য পড়ে ডানপাশের ঘরে সঠিক বিরামচিহ্নগুলো লিখ ( , । ? ) ।**

| | |
|---|---|
| ঘাসফড়িং হেসে বললো কী বলো | |
| শীতকাল আসতে এখনো অনেকদিন বাকি আছে | |
| এসো আমরা খেলা করি | |
| দেখতে দেখতে শীতকাল এসে গেল | |

**৪। এলোমেলো শব্দগুলো সাজিয়ে অর্থপূর্ণ বাক্য তৈরি কর।**

| | |
|---|---|
| সুন্দর বয় বাতাস ফুরফুরে | |
| গ্রাম আমাদের মায়ের ছোট সমান | |
| রাঙা আমরা প্রভাত আনিব | |
| বিকেলে আমি দেখতে খেলা যাব | |

**৫। নিচের শব্দগুলো দিয়ে বাক্য লিখ।**

| | |
|---|---|
| উপকারী | |
| চঞ্চল | |
| গরীব | |
| দানশীল | |

**৬। বাম পাশের শব্দের সাথে দাগ টেনে ডান পাশের সঠিক বিপরীত শব্দ মিল কর।**

| বামপাশ (শব্দ) | ডানপাশ (বিপরীত শব্দ) |
|---|---|
| ধনী | বেশি |
| অল্প | গরিব |
| জন্ম | সহজ |
| কঠিন | মৃত্যু |

**৭। নিচের অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে। শিক্ষক পর্যবেক্ষণ করবেন।**

অনেক দিন আগে তুরস্কের পাতারা গ্রামে নিকোলাস নামে এক শিশু জন্মগ্রহণ করেন। নিকোলাস মানে মানব জয়। তাঁর পিতামাতা ধনী ছিলেন, কিন্তু অল্প বয়সেই তিনি তাঁদের হারিয়ে এতিম হয়ে যান। বাবা-মা ছাড়া বড়ো হওয়ার কষ্ট তিনি খুব ভালোভাবে বুঝতেন। বড়ো হয়ে নিকোলাস দয়ালু ও দানশীল মানুষ হিসেবে সবার কাছে পরিচিতি লাভ করেন। পিতার রেখে যাওয়া সম্পত্তি তিনি গরিব মানুষের মাঝে বিলিয়ে দিতেন। বিশেষ করে শিশুদের তিনি খুব ভালোবাসতেন ও তাদের উপহার দিতেন। তিনি নানা স্থানে ভ্রমণ করে দুঃখী মানুষদের সাহায্য করতেন। তাঁর মানবপ্রেম ও দানশীলতা সারা বিশ্বে পরিচিতি লাভ করে। পরবর্তীতে শিশুদের উপহার দেওয়ার প্রথা চালু হয়। ৬ই ডিসেম্বর 'নিকোলাস ডে' হিসেবে তাঁর মৃত্যুবার্ষিকী বিশ্বজুড়ে উদ্‌যাপিত হয়।

**ক) উপরে বর্ণিত অনুচ্ছেদের আলোকে নিচের তথ্য পূরণ করুন।**

৭.১ শিক্ষার্থী সাবলীলভাবে অনুচ্ছেদটি পড়তে পেরেছে?.............................................................................

৭.২ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো বক্সে লিপিবদ্ধ করুন।

| |
|---|
| |

**খ) উপরের অনুচ্ছেদের আলোকে শিক্ষার্থী নিচের প্রশ্নগুলোর মৌখিক জবাব দিবে এবং খাতায় লিখবে।**

৭.১ নিকোলাস কোথায় জন্মগ্রহণ করেছিলেন?...............................................................................

৭.২ নিকোলাস কী হিসেবে পরিচিতি লাভ করেন?...........................................................................

৭.৩ নিকোলাস কাদের বেশি ভালোবাসতেন?...............................................................................

৭.৪ ৬ই ডিসেম্বর কোন দিবস হিসেবে পালন করা হয়?.....................................................................

মূল্যায়নকারী শিক্ষকের স্বাক্ষর

Sarkar

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই** (২য় পর্যায়)

মূল্যায়নকারী শিক্ষকের জন্য

বিষয়: **বাংলা,** শ্রেণি: **চতুর্থ**

শিক্ষার্থীর নাম: বিদ্যালয়ের নাম:

রোল নম্বর: শাখা:

উপজেলা: জেলা:

**১। নিচের শব্দগুলো পড়। শব্দে ব্যবহৃত যুক্তবর্ণসমূহ ডানপাশে ভেঙে দেওয়া আছে, সঠিক টিতে টিক (√) চিহ্ন দাও।**

| শব্দ | যুক্তবর্ণ | কোনটি সঠিক বক্সে টিক (√) দাও | |
|---|---|---|---|
| শৃঙ্খলা | ঙ্খ | (খ+ঙ) ☐ | (ঙ +খ) ☐ |
| জ্ঞান | জ্ঞ | (ঞ+জ) ☐ | (জ +ঞ) ☐ |
| রূপান্তর | ন্ত | (ণ+ত) ☐ | (ন+ত) ☐ |
| আবিষ্কার | ষ্ক | (স+ক) ☐ | (ষ+ক) ☐ |

**২। বামপাশের শব্দের সাথে দাগ টেনে ডানপাশের সঠিক সমার্থক শব্দ মিল কর।**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| অভ্যর্থনা | একত্রিত হওয়া |
| নদী | কোনো কিছুর ঢেউ |
| তরঙ্গ | সাদরে গ্রহণ |
| সমারোহ | তটিনী |

**৩। নিচের বাক্য পড়ে ডানপাশের ঘরে সঠিক বিরামচিহ্নগুলো লিখ ( , । ? ) ।**

| | |
|---|---|
| ভোর না হতেই পাখিরা কিচিরমিচির করা শুরু করে দেয় | |
| পাখিরা কি রাতে ঘুমায় না | |
| মা বলেন তা হবে কেন | |
| পাখিরা রাতে ঘুমায় | |

**৪। এলোমেলো শব্দগুলো সাজিয়ে অর্থপূর্ণ বাক্য তৈরি কর।**

| | |
|---|---|
| রোদ সোনালী ঝলমল করে সকালের | |
| জলপ্রপাত জাফলংয়ের সুন্দর খুব | |
| রাতি সব পাখি রব করে পোহাইলো | |
| মহাপাপ কথা বলা মিথ্যা | |

**৫। দাগ টেনে বামপাশের সাথে ডানপাশের সঠিক বিপরীত শব্দ মিল কর।**

| বামপাশ (শব্দ) | ডানপাশ (বিপরীত শব্দ) |
|---|---|
| দিন | জাগরণ |
| ঘুম | পুরানো |
| নতুন | শীত |
| গরম | রাত |

**৬। বড় হয়ে তুমি কী হতে চাও সে সম্পর্কে লিখ।**

| |
|---|
| |

**৭. নিচের অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে। শিক্ষক পর্যবেক্ষণ করবেন।**

জানুয়ারির এক শীতের সকাল। সাবিহা, নমিতা, কবির, সুবীরসহ সবাই শিক্ষা সফরে যাবার উদ্দেশ্যে স্কুলে উপস্থিত। হাসান স্যার আগেই স্কুলে এসে উপস্থিত ছিলেন। গন্তব্য ছিল ঐতিহাসিক সোনারগাঁও। কী আনন্দ, কী উল্লাস সবার মনে! সবাই আনন্দে উৎফুল্ল হয়ে বাসে ওঠে। সাবিহা ভাবছিল, সোনারগাঁও কি সত্যিই সোনা দিয়ে মোড়া গ্রাম? বাস চলতে শুরু করলে হাসান স্যার ঢাকার মানচিত্র দেখিয়ে সোনারগাঁওয়ের অবস্থান ব্যাখ্যা করেন। তিনি জানান, ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব ২৭ কিলোমিটার। এটি নারায়ণগঞ্জ জেলায়। ঢাকার দক্ষিণ-পূর্ব দিকে এ প্রাচীন নগরী অবস্থিত। গুলিস্তান ও যাত্রাবাড়ি পেরিয়ে বাস যখন ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ধরে কাচপুর ব্রিজ পার হয়, সবাই উচ্ছ্বাসে ভরে ওঠে সোনারগাঁও দেখার আশায়। এবার বাস চলছে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক পথে। কাচপুর ব্রিজ পার হয়ে একটু গেলেই সোনারগাঁও।

**ক) উপরে বর্ণিত অনুচ্ছেদের আলোকে নিচের তথ্য পুরণ করুন।**

৭.১ শিক্ষার্থী সাবলীলভাবে অনুচ্ছেদটি পড়তে পেরেছে?.............................................................................

৭.২ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো বক্সে লিপিবদ্ধ করুন।

| |
|---|
| |

**খ) উপরের অনুচ্ছেদের আলোকে শিক্ষার্থী নীচের প্রশ্নগুলোর মৌখিক জবাব দিবে এবং খাতায় লিখবে।**

৭.১ শিক্ষা সফরের গন্তব্য কোথায় ছিল?.............................................................................................

৭.২ সোনারগাঁও সম্পর্কে শুনে সাবিহার মনে কী প্রশ্ন জেগেছিল?.........................................................

৭.৩ অনুচ্ছেদটিতে কী বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে?.................................................................

৭.৪ গুলিস্তান থেকে কীভাবে তুমি সোনারগাঁও যাবে?..........................................................................

মূল্যায়নকারী শিক্ষকের স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই** (২য় পর্যায়)

মূল্যায়নকারী শিক্ষকের জন্য

বিষয়: **বাংলা,** শ্রেণি: **পঞ্চম**

শিক্ষার্থীর নাম: বিদ্যালয়ের নাম:

রোল নম্বর: শাখা:

উপজেলা: জেলা:

**১। নিচের শব্দগুলো পড়। শব্দে ব্যবহৃত যুক্তবর্ণসমূহ ডানপাশে ভেঙে দেওয়া আছে, সঠিক টিতে টিক (√) চিহ্ন দাও।**

| শব্দ | যুক্তবর্ণ | কোনটি সঠিক বক্সে টিক (√) দাও | |
|---|---|---|---|
| সহিষ্ণুতা | ষ্ণ | (ণ+ষ) ☐ | (ষ +ণ) ☐ |
| সম্ভব | ম্ভ | (ভ+ম) ☐ | (ম +ভ) ☐ |
| শিক্ষক | ক্ষ | (ক+ষ) ☐ | (ষ+ক) ☐ |
| গন্ডার | ন্ড | (ণ+ড) ☐ | (ন+ড) ☐ |

**২। বামপাশের শব্দের সাথে দাগ টেনে ডানপাশের সঠিক সমার্থক শব্দ মিল কর।**

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| বৈচিত্র্য | তরঙ্গমালা |
| শখ | গুরু |
| শিক্ষক | মনের ইচ্ছা |
| উর্মিমালা | বিভিন্নতা |

**৩। নিচের অনুচ্ছেদে সঠিক জায়গায় বিরাম চিহ্নগুলো বসাও।**

একবার ভাবি কৃষকের কথা তারা কাজ না করলে আমাদের খাদ্য জোগাত কে সবাইকে তাই আমাদের শ্রদ্ধা করতে হবে ভালোবাসতে হবে

**৪। নিচের শব্দগুলো দিয়ে বাক্য লিখ।**

| | |
|---|---|
| নকশা | |
| উদার | |
| অহংকার | |
| শ্রদ্ধা | |

**৫। ঘরের ভিতর থেকে শব্দ নিয়ে নিচের খালি জায়গা পূরণ করি ও বলি।**

| | | | |
|---|---|---|---|
| রূপকথার | তারারা | দোলায় | পূর্ণিমা |

(ক) ছোট ছোট ফুল হাওয়াতে মাথা.................................

(খ) ................................বই পড়তে অনেক ভালো লাগে।

(গ) আঁধার আকাশে...................................মিটিমিটি করে চায়।

(ঘ) ................................রাতে চাঁদ খুব সুন্দর দেখায়।

৬। নিচে বামপাশের ক্রিয়া পদের চলিত রূপের সাথে ডানপাশের সাধু রূপ পড়ি ও দাগ টেনে মিল করি।

| বামপাশ (চলিত রূপ) | ডানপাশ (সাধু রূপ) |
|---|---|
| আঁকব | ঘুরিতেছে |
| দেখব | আঁকিব |
| ঘুরছে | যাইবো |
| যাব | দেখিব |

৭। শব্দ দূষণ সম্পর্কে লিখ।

৮. অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে। শিক্ষক পর্যবেক্ষণ করবেন।

ছেলেটি তেমন দুরন্ত নয়। ছেলেটি শান্ত স্বভাবের, বয়স দশ-এগারো হবে। পড়াশোনায় সে ভালো, খেলাধুলাও করে। পড়াশোনা ও খেলাধুলায় ভালো হলেও প্রকৃতি পর্যবেক্ষণের প্রতি তার বেশি আগ্রহ। রোদ-বৃষ্টি, ঝড়-বজ্রপাত দেখে সে অবাক বিস্ময়ে ভাবে, কেন এমন হয়? ঝড়ে গাছপালা ভেঙে গেলে বাবাকে প্রশ্ন করে। আচ্ছা বাবা, গাছ ভেঙে গেলে, ওদেরকে কাটলে ব্যথা পায় না? ছেলের কথা শুনে মা হাসেন। বাবা কিন্তু হাসলেও ছেলের প্রশ্নের জবাব দেওয়ার চেষ্টা করেন। তার বাবা ছিলেন ম্যাজিস্ট্রেট, আগে শিক্ষকতা করতেন। ছেলেটির জন্ম ১৮৫৮ সালের ৩০ নভেম্বর ময়মনসিংহে, পৈতৃক বাড়ি বিক্রমপুরের রাঢ়িখালে। বাড়িতে প্রাথমিক শিক্ষা শেষে ময়মনসিংহে স্কুলের পড়া শেষ করে কলকাতার সেন্ট জেভিয়ার্স স্কুল থেকে ১৮৭৪ সালে প্রবেশিকা এবং ১৮৭৮ সালে এফএ পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়। ১৮৮০ সালে বি.এস.সি পাস করে ডাক্তারি পড়তে বিলেতে যায়। সেই কৌতূহলী ও চিন্তাশীল ছেলেটিই পরবর্তীকালে বিশ্ববিখ্যাত বিজ্ঞানী জগদীশচন্দ্র বসু হন।

ক) উপরে বর্ণিত অনুচ্ছেদের আলোকে নিচের তথ্য পূরণ করুন।

১.১ শিক্ষার্থী সাবলীলভাবে অনুচ্ছেদটি পড়তে পেরেছে?.................................................................................

১.২ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো বক্সে লিপিবদ্ধ করবেন।

খ) উপরের অনুচ্ছেদের আলোকে শিক্ষার্থী নিচের প্রশ্নগুলোর মৌখিক জবাব দিবে এবং খাতায় লিখবে।

১.১ ভাবুক ছেলেটি আসলে কে ছিলেন?..........................................................................................................

২.২ তিনি ছোট বেলায় কী কী নিয়ে ভাবতেন?.................................................................................................

১.৩ শৈশবের কৌতুহল তাঁর জীবনে কী প্রভাব ফেলেছিল?...................................................................................

১.৪ তুমি বড় হয়ে কী হতে চাও?..................................................................................................................

মূল্যায়নকারী শিক্ষকের স্বাক্ষর

## বাংলা বিষয়ে মূল্যায়ন কার্যক্রম পরিচালনা ও রেকর্ড সংরক্ষণ বিষয়ক নির্দেশাবলি: (২য় পর্যায়)

### (প্রথম-পঞ্চম শ্রেণি)

১. মূল্যায়ন টুলস (১ম-৫ম শ্রেণি) প্রণয়নের ক্ষেত্রে নভেম্বর ২০২৫ পর্যন্ত পাঠ পরিকল্পনার পাঠ বিবেচনায় নেয়া হয়েছে।

২. **শিক্ষার্থীর শিখনমান যাচাইয়ের উদ্দেশ্য:** শিক্ষার্থীর বর্ণজ্ঞান, ধ্বনি সচেতনতা, শব্দ ভান্ডার, সাবলীলতা ও বোধগম্যতা, লেখার সঠিক প্রবাহ, আকৃতি, সমান্তরাল, মাত্রা, বানান ও অনুসিদ্ধান্ত এবং ব্যাকরণ জ্ঞান যাচাই।

৩. **শিক্ষার্থীর রেকর্ড সংরক্ষণের উদ্দেশ্য:** বিদ্যালয়ে শ্রেণি ও বিষয়ভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীর যোগ্যতা অনুযায়ী শিখন মানের সার্বিক অবস্থান নির্ধারণ। পাশাপাশি প্রত্যেক শিক্ষার্থীর স্তরভিত্তিক শিখন ঘাটতি/দুর্বলতা চিহ্নিত করে রেকর্ড সংরক্ষণ। পরবর্তীতে প্রত্যেক (Individual) শিক্ষার্থীর রেকর্ডের ভিত্তিতে কর্মপরিকল্পনা প্রণয়ন করে রেমিডি প্রদান।

৪. শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা যাচাইয়ের জন্য প্রশ্নমালা/মূল্যায়ন টুলসগুলো প্রণয়ন করা হয়েছে। মূল্যায়নকারী শিক্ষক শোনা-বলা সম্পর্কিত বিষয়গুলো শিক্ষার্থীর সাথে প্রমিত ও বোধগম্য ভাষা ব্যবহার করে সুন্দরভাবে পরিচালনা করবেন।

৫. পড়ার দক্ষতা যাচাইয়ের ক্ষেত্রে কোনো কোনো ক্ষেত্রে বর্ণ কার্ড, শব্দ কার্ড, বাক্য কার্ড তৈরি করে ব্যবহার করা যাবে। অনুচ্ছেদ পড়ানোর সুবিধার্থে আলাদাভাবে সংশ্লিষ্ট অনুচ্ছেদটি সরবরাহ ও লেখার দক্ষতা যাচাইয়ের সময় প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাবে।

৬. মূল্যায়নকারী শিক্ষকগণ শ্রেণির প্রত্যেক শিক্ষার্থীকে (One to One) মূল্যায়ন টুলসের ক্রমিক অনুযায়ী যাচাই করবেন। মূল্যায়ন পরবর্তী সময় শিক্ষার্থীর পারগতা সম্পর্কিত তথ্য নির্ধারিত রেকর্ড ছকে নির্দেশনা অনুসারে লিপিবদ্ধ করবেন।

৭. প্রত্যেক শিক্ষার্থীর পারগতা সম্পর্কিত প্রাপ্তমান রেকর্ড ছকের (ক্রমিক: ১-৬/৭/৮) ঘরে লিখবেন, মোট প্রাপ্তমান যোগ করে সার্বিক পারদর্শীতার মান নির্ধারন করবেন। রেকর্ড ছকের শেষ ২ কলামে প্রত্যেক শিক্ষার্থীর স্তরভিত্তিক শিখন ঘাটতি/দুর্বলতা এবং পূর্বের বেসলাইনের তুলনামূলক অগ্রগতি সংক্ষেপে লিখে রাখবেন।

৮. পরবর্তীতে কর্মপরিকল্পনা করে পাঠদানের বিভিন্ন পদ্ধতি ও কৌশল ব্যবহার করে শিখন ঘাটতি দূরীকরণের ব্যবস্থা নিবেন।

৯. শিক্ষার্থীকে মূল্যায়ন টুলসের সকল প্রশ্নের উত্তর দিতে সুযোগ দিতে হবে। মূল্যায়নশীটের ক্রমিক: ১-৬/৭/৮ অনুযায়ী মূল্যায়ন করতে হবে। প্রতিটি প্রশ্নের সম্ভাব্য উত্তরের পাশাপাশি অন্যান্য প্রাসঙ্গিক সঠিক উত্তর বিবেচনা নিতে হবে।

১০. মূল্যায়ন টুলসের ক্রমিক অনুযায়ী সার্বিক পারদর্শীতার মান নির্ধারন/মূল্যায়নের ভিত্তির ক্ষেত্রে ৪ (চার) মাত্রার নির্দেশনা অনুসরণ করতে হবে। **যেমন: ৪ = অতিউত্তম, ২ = উত্তম, ৩ = চলতি মান এবং ১ = চলতিমানের নিচে।**

১১. উত্তর না লিখলে বা ভুল উত্তরের জন্য ঐ ক্রমিকে চলতিমানের নিচের স্তর ধরে মান দেয়া যাবে।

**মূল্যায়ন টুলস এর আলোকে সার্বিক পারদর্শীতার মান নির্ধারণ**

| সার্বিক পারদর্শীতার স্তর নির্ধারন | অর্জিত যোগ্যতা বিবেচনা | মূল্যায়ন টুলস থেকে সংগৃহীত মান রেকর্ডছকে ক্রমিক অনুযায়ী লিখতে হবে। প্রাপ্তমানের যোগফলের ভিত্তিতে প্রাপ্তমানের ঘরে সার্বিক পারদর্শীতার মান **(অতিউত্তম/উত্তম/চলতিমান/চলতিমানের নিচে)** লিখুন | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি |
| **অতিউত্তম:** (৯০-১০০) | শিক্ষার্থী শ্রেণি ও বিষয়ভিত্তিক সকল যোগ্যতা সফলভাবে অর্জন করতে পেরেছে। | ২২-২৪ | ২৬-২৮ | ২৬-২৮ | ২৬-২৮ | ৩০-৩২ |
| **উত্তম:** (৭০-৯০) | শিক্ষার্থী প্রায় প্রত্যাশিত সকল যোগ্যতা অর্জন করেছে/শ্রেণি উপযোগি যোগ্যতা অর্জন করেছে/সাবলীল | ১৭-২১ | ২০-২৫ | ২০-২৫ | ২০-২৫ | ২২-২৯ |
| **চলতিমান:** (৫০-৬৯) | নিজ শ্রেণি উপযোগি নূন্যতম যোগ্যতা অর্জন করেছে/শিক্ষকের আংশিক সহায়তায় পারে। | ১২-১৬ | ১৪-১৯ | ১৪-১৯ | ১৪-১৯ | ১৬-২২ |
| **চলতিমানের নিচে:** (০-৪৯) | শ্রেণি উপযোগি যোগ্যতার চেয়ে বেশ পিছিয়ে/শিক্ষকের পূর্ণ সহায়তায় পারে। | ১-১১ | ১-১৩ | ১-১৩ | ১-১৩ | ১-১৫ |

মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করে রেকর্ড ফরম পূরণ করুন।

**রেকর্ড ফরম** (মূল্যায়নকারী শিক্ষকের জন্য) -২য় পর্যায়

**বিষয়:** বাংলা, **শ্রেণি:** প্রথম/ দ্বিতীয়/ তৃতীয়/ চতুর্থ/ পঞ্চম (শ্রেণিতে টিক √ দিন)

বিদ্যালয়ের নাম:........................................................................................ IPEMIS কোড:.......................................................

**মূল্যায়নের ক্ষেত্রে নির্ধারিত মান:** অতি উত্তম-৪, উত্তম-৩, চলতি মান-২, চলতিমানের নীচে-১ **(রেকর্ড ছকের প্রাপ্তমানের ঘরে শিক্ষার্থীর মান লিখতে হবে)**

- **অতি উত্তম : (৯০-১০০)** শিক্ষার্থী নিজ শ্রেণির সকল যোগ্যতা সফলভাবে অর্জন করতে পেরেছে। পড়ে অন্তর্নিহীতভাব বুঝতে ও বলতে পারবে।
- **উত্তম : (৭০-৮৯)** শিক্ষার্থী প্রায় প্রত্যাশিত সকল যোগ্যতা অর্জন করেছে/শ্রেণি উপযোগী যোগ্যতা অর্জন করেছে/সাবলীল।
- **চলতিমান : (৫০-৬৯)** নিজ শ্রেণি উপযোগী নূণ্যতম যোগ্যতা অর্জন করেছে/শিক্ষকের আংশিক সহায়তায় পারে।
- **চলতিমানের নিচে : (০-৪৯)** শ্রেণি উপযোগী যোগ্যতার চেয়ে বেশ পিছিয়ে/ শিক্ষকের পূর্ণসহায়তায় পারে।

প্রাপ্তমানের যোগফলের ভিত্তিতে সার্বিক পারদর্শিতার মান **(অতিউত্তম/ উত্তম/ চলতিমান/ চলতিমানের নিচে)** প্রাপ্তমানের ঘরে লিখুন

| ক্র: | শিক্ষার্থীর নাম | রোল | **শ্রেণিভিত্তিক মূল্যায়ন টুলসের ক্রমিক অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীর প্রাপ্তমান** | | | | | | | | প্রাপ্তমানের যোগফল | প্রাপ্তমান | শিক্ষার্থীর স্তরভিত্তিক নির্দিষ্ট ঘাটতি/সমস্যা/ দুর্বলতা লিখুন **(যেমন: বর্ণজ্ঞান/ যুক্তবর্ণ/ কারচিহ্ন/ সাবলীলতা/ বোধগম্যতা** | ইতোপূর্বের বেসলাইনের আলোকে তুলনামূলক অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ক্রমিক-১ | ক্রমিক-২ | ক্রমিক-৩ | ক্রমিক-৪ | ক্রমিক-৫ | ক্রমিক-৬ | ক্রমিক-৭ | ক্রমিক-৮ | | | | |
| ১ | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | | |

মূল্যায়নকারী শিক্ষকের স্বাক্ষর

**রেকর্ড ফরম** (মূল্যায়নকারী শিক্ষকের জন্য)

**বিষয়:** বাংলা, **শ্রেণি:** প্রথম/ দ্বিতীয়/ তৃতীয়/ চতুর্থ/ পঞ্চম (শ্রেণিতে টিক √ দিন)

**মূল্যায়নের ক্ষেত্রে নির্ধারিত মান:** অতি উত্তম-৪, উত্তম-৩, চলতি মান-২, চলতিমানের নীচে-১ **(রেকর্ড ছকের প্রাপ্তমানের ঘরে শিক্ষার্থীর মান লিখতে হবে)**

- **অতি উত্তম :** (৯০-১০০) শিক্ষার্থী নিজ শ্রেণির সকল যোগ্যতা সফলভাবে অর্জন করতে পেরেছে। পড়ে অন্তর্নিহিতভাব বুঝতে ও বলতে পারবে।
- **উত্তম :** (৭০-৮৯) শিক্ষার্থী প্রায় প্রত্যাশিত সকল যোগ্যতা অর্জন করেছে/শ্রেণি উপযোগী যোগ্যতা অর্জন করেছে/সাবলীল।
- **চলতিমান :** (৫০-৬৯) নিজ শ্রেণি উপযোগী নূণ্যতম যোগ্যতা অর্জন করেছে/শিক্ষকের আংশিক সহায়তায় পারে।
- **চলতিমানের নিচে :** (০-৪৯) শ্রেণি উপযোগী যোগ্যতার চেয়ে বেশ পিছিয়ে/ শিক্ষকের পূর্ণসহায়তায় পারে।

প্রাপ্তমানের যোগফলের ভিত্তিতে সার্বিক পারদর্শিতার মান **(অতিউত্তম/ উত্তম/ চলতিমান/ চলতিমানের নিচে)** প্রাপ্তমানের ঘরে লিখুন

| ক্র: | শিক্ষার্থীর নাম | রোল | **শ্রেণিভিত্তিক মূল্যায়ন টুলসের ক্রমিক অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীর প্রাপ্তমান** | | | | | | | | প্রাপ্তমানের যোগফল | প্রাপ্তমান | শিক্ষার্থীর স্তরভিত্তিক নির্দিষ্ট ঘাটতি/সমস্যা/ দুর্বলতা লিখুন **(যেমন: বর্ণজ্ঞান/ যুক্তবর্ণ/ কারচিহ্ন/ সাবলীলতা/ বোধগম্যতা** | ইতোপূর্বের বেসলাইনের আলোকে তুলনামূলক অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ক্রমিক-১ | ক্রমিক-২ | ক্রমিক-৩ | ক্রমিক-৪ | ক্রমিক-৫ | ক্রমিক-৬ | ক্রমিক-৭ | ক্রমিক-৮ | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | | |
| ১৬ | | | | | | | | | | | | | | |
| ১৭ | | | | | | | | | | | | | | |
| ১৮ | | | | | | | | | | | | | | |
| ১৯ | | | | | | | | | | | | | | |
| ২০ | | | | | | | | | | | | | | |
| ২১ | | | | | | | | | | | | | | |
| ২২ | | | | | | | | | | | | | | |
| ২৩ | | | | | | | | | | | | | | |
| ২৪ | | | | | | | | | | | | | | |
| ২৫ | | | | | | | | | | | | | | |

মূল্যায়নকারী শিক্ষকের স্বাক্ষর

Drive:\D\Laptop\রেকর্ড ছক/বাংলা/২০২৫/মামুন